গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্মারক নং : ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০২.২০২১-২০৩(৫০)    তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ

# : জলমহাল ইজারা বিজ্ঞপ্তি :

আলমডাঙ্গা উপজেলাধীন নিম্ন তফশীলবর্ণিত জলমহাল সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে বাংলা ১৪২৮ সন হতে ১৪৩০ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের উদ্দেশ্যে নিম্নোক্ত সময়সূচী ও শর্তাবলী সাপেক্ষে সীলমোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী যুব মৎস্যজীবী সমবায় সমিতিকে অগ্রাধিকার দেয়া হবে। তবে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর/ জলামহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত সমিতি যাহা সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিস থেকে নিবন্ধিত একক সমিতিকে ইজারা প্রদান করা যাবে (তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবে না)।

নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নিম্নে উল্লেখিত তারিখ অনুযায়ী প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে বর্ণিত ছক মোতাবেক দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত আবেদনপত্র নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। আবেদনপত্র গ্রহনের দিন কোন আবেদনপত্র বিক্রয় করা হবে না। আবেদনপত্র দাখিলের দিন বিকাল ৩.০০ টায় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদনপত্র খোলা হবে। এতদসংক্রান্ত বিস্তরিত তথ্য ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

## জলমহালের ও আবেদনপত্র দাখিলের বিবরণ।

| ক্রঃ নং | জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | সরকারী ইজার মূল্য (প্রতি বছরের জন্য | আবেদন ফরমের মূল্য | আবেদনপত্র দাখিলের তারিখ ও সময় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম বার বেলা ১.০০ টা ১০-০৩-২০২১খ্রিঃ | ২য় বার বেলা ১.০০ টা ২৪-০৩-২০২১ খ্রিঃ | ৩য় বার বেলা ১.০০ টা ১২-০৪-২০২১খ্রিঃ |
| ০১ | কাঁঠালিয়া বিল | ৩.৫৩ | ৩২৩৬৭/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০২ | নারয়িনপুর খাস পুকুর (বানিনাথপুর) | ১.৭৯ | ৯৩৭২/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |

**শর্তাবলী ঃ**

০১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী যুব মৎস্যজীবী সমবায় সমিতিকে অগ্রাধিকার দেয়া হবে। তবে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সংশ্লিষ্ট পুকুর/ জলামহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত সমিতি যাহা সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিস থেকে নিবন্ধিত একক সমিতিকে ইজারা প্রদান করা যাবে (তবে কোন পরিবারের একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবে না)।

০২। আবেদনকারী সমবায় সমিতি/ সংগঠনকে তাদের বর্তামান কার্যকরীতার প্রমানস্বরূপ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমানের দরকার হবে না।

০৩। কোন সমিতির নিকট সায়রাত মহালের ইজারামূল্য বকেয়া থাকলে উক্ত সমিতির আবেদন গ্রহনযোগ্য হবে না।

০৪। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি / সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট দাখিল করবেন।

০৫। কোন সমিতিতে বা সমিতির কার্যনির্বাহী কমিটিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য থাকলে উক্ত সমিতি আবেদন করতে পারবেন না।

০৬। আবেদনকারীকে তার আবেদনের সাথে বিজ্ঞপ্তিতে উল্লেখিত জলমহালের সরকারী ইজারার মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে- অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা-এর অনুকূলে জামানত হিসেবে দাখিল করতে হবে যা লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৭। আবেদনকারীকে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল ও স্বাক্ষর সম্বলিত নিম্নোক্ত কাগজ-পত্রসহ আবেদন করতে হবে।

ক) সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটির তালিকা।

খ) সংগঠন/ সমিতির গঠনতন্ত্রের কপি।

গ) ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র।

ঘ) সংগঠন/ সমিতির সভাপতি ও সম্পাদকের সত্যায়িত ছবি এবং

ঙ) সংশ্লিষ্ট জলমহাল ০৩(তিন) বছর মেয়াদী মৎস্য চাষ/উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে।

০৮। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বৈধ লীজগ্রহীতাকে ১ম বছরের সাকুল্যে ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ৫% আয়করসহ তার অনুকুলে সিদ্ধান্ত প্রদানের ১০(দশ) কার্যাদিবসের মধ্যে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় আবেদন পত্রের সাথে দেয় জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৯। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা গ্রহিতা কর্তৃক ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১১। ইজারা সংক্রান্ত নীতিমালা, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং সময়ে জারীকৃত সরকারী বিধানসমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে।

১২। ইজারা মেয়াদকাল বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩০ সন পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র সম্পাদনের পূর্বে জলমহালের দখল দেয়া হবে। আবেদনপত্র অনুমোদন বা প্রাপ্তিতে বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোন ভাবেই ইজারার মেয়াদকাল বর্ধনের আবেদন গ্রহনযোগ্য হবে না। বছরের যে কোন সময় টেন্ডার আহবান করা হলেও ইজারার মেয়াদকাল ১লা বৈশাখ ১৪২৮ বাংলা সন হতে কার্যকর বলে গণ্য হবে।

১৩। ইজারাকৃত জলমহালের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ৫% আয়কর পূর্ব্বে বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল যোগ্য হবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষা-মাজা/ কাটাকাটি/ ফ্লুইড দেয়া আবেদন বাতিল যোগ্য হবে।

১৫। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাইবে না।

১৬। লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠির কাছে হস্তান্তর করা যাবে না। সাবলীজ প্রদান করা হলে বা সাবলীজ প্রদান সংক্রান্ত সত্যতা প্রমাণিত হলে কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা বাতিল করা হবে।

২২/০২/২১

(মোঃ লিটন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্মারক নং : ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০২.২০২১-২০৩(৫০) তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পষিদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৫। মেয়র, আলমডাঙ্গা পৌরসভা আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও বহুল পচারসহ কার্যার্থে প্রেরণ করা হলো :

০৬। সহকারী কমিশনার (ভুমি), আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৭-১৭। উপজেলা...............................................অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৮। চেয়ারম্যান, জামজামী/ চিৎলা ইউনিয়ন পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৯-২০। ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা, ঘোষবিলা/ গোকুলখালী ইউনিয়ন ভুমি অফিস, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
২১। সভাপতি/ সম্পাদক, প্রেসক্লাব, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

২২/০২/২১

(মোঃ লিটন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।